

'দেশের ভবিষ্যৎ কারিগরি শিক্ষার ওপর নির্ভরশীল'

■ ইতিহাসিক রিপোর্ট

শিক্ষা সচিব ড. কাফিল আবদুল নাসের চৌধুরী বলেন, বাংলাদেশের ভবিষ্যৎ কারিগরি শিক্ষার ওপর নির্ভরশীল। দক্ষ জনশক্তি তৈরি ও তাদের যথাযথ কর্মক্ষেত্রে সুষ্টি করতে না পারলে বিশ্ব প্রতিযোগিতা থেকে বাংলাদেশ পিছিয়ে যাবে।

মসলবার আইডিইবি ডবনে জাতীয় অর্থনৈতিক মুক্তির জন্য মধ্যম ক্রমের প্রকৌশল শিক্ষার গুরুত্ব ও করণীয় নির্ধারণে দেশের সরকারি-বেসরকারি পলিটেকনিকসমূহের ত্রিঙ্গিপালদের অংশগ্রহণে আইডিইবি আয়োজিত পলিটেকনিক ত্রিঙ্গিপাল কনফারেন্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

ইনস্টিটিউশন অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতি এ কে এম এ হামিদেদে সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মোঃ সাহজাহান মিল্লা ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. আবুল কাশেম। স্বাগত ও মূল বক্তব্য উপস্থাপন করেন আইডিইবি'র সাধারণ সম্পাদক মো. দায়মুর রহমান।